64

দৈনিক সংবাদ

তারিখ 26 DE 1998
পৃষ্ঠা 2 কলাম 4

### ঢাঃ বিঃ উপাচার্যের ঘোষণা

# কোন শিক্ষক অন্যায় করলে রেহাই দেয়া হবে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ, কে আজাদ চৌধুরী বলেছেন, কোন শিক্ষকের চরিত্র হননের মাধ্যমে কেউ স্বার্থ উদ্ধার করতে চাইলে তা বরদাশ্‌ত করা হবে না। তবে কোন শিক্ষক যদি কোন অন্যায় করে থাকেন তাহলে তাকেও রেহাই দেয়া হবে না। উপাচার্য এ সময় বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি বজায় রাখার জন্য ছাত্র-শিক্ষকসহ সকলের সহযোগিতা কামনা করেন।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে 'সংবাদপত্রের পলিসি ও সাংবাদিকতার আদর্শ' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

টিএসসি ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত এই সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রবীণ সাংবাদিক জওয়াদুর রহমান। বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক অধ্যাপক সাখাওয়াত আলী খান, জনকণ্ঠের সিনিয়র রিপোর্টার রেজোয়ানুল হক রাজা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাংবাদিক সমিতির সভাপতি শরিফুল ইসলাম। পরিচালনা করেন সাধারণ সম্পাদক কৈলাস সরকার।

উপাচার্য তার বক্তৃতায় বলেন, মূল্যবোধ রক্ষা করাই পত্রিকার দায়িত্ব, হনন করা নয়। তিনি বলেন, সমাজ বদলের সাথে সাথে সাংবাদিকদেরও বদল হতে হবে। সংবাদপত্রের স্থবির অবস্থার উত্তরণ দরকার। তিনি এ সময় তথ্যের সাথে মন্তব্য যাতে মিশে না যায় সেজন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানান। সত্যতা যাচাই না করে সংবাদ পরিবেশন করা উচিত নয় বলে তিনি মতামত প্রকাশ করেন।

অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন বলেন, '৯০-এর পর দেশে পত্রিকার সংখ্যা বেড়েছে; কিন্তু পত্রিকার গুণগত মানের কোন পরিবর্তন হয়নি। তিনি বলেন, পত্রিকার নীতিমালার সংঘাত থাকলে সাংবাদিকদের মানসিক যন্ত্রণার শিকার হতে হয়। তিনি স্পষ্ট নীতিমালার ভিত্তিতে সংবাদ পরিবেশন করা উচিত বলে অভিমত ব্যক্ত করেন।